

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা

পঞ্চম শ্রেণি

১. একটি বাক্যে উত্তর দাও :

- ১.১ ‘আয়রে ছুটে ছোটুরা’— ছোটোদের কেন ছুটে আসতে হবে?
- ১.২ ‘... আমাদের জোয়ানদের একটা ঘাঁটি ছিল।’—জোয়ানদের ঘাঁটিটি কোথায় ছিল?
- ১.৩ ‘দারোগাবাবু এবং হাবু’ কবিতায় মেজদার পোষ্য কারা?
- ১.৪ ‘উলগুলান’ কাদের লড়াই?
- ১.৫ ‘পাখির কাছে ফুলের কাছে’ কবিতায় কোথায় কবিসভা বসবে?
- ১.৬ ‘তাই বুঝি বিমলার কমে গেছে দাম-ই—’ বিমলার কেন মনে হয়েছে যে তার দাম কমে গেছে?
- ১.৭ ‘ও যেন দিনের বেলাকার রাত্তির...’— কোন্ সময়টিকে লেখক ‘দিনের বেলাকার রাত্তির’ বলেছেন?

২. নিজের ভাষায় উত্তর দাও :

- ২.১ ‘গল্পবুড়ো’ কবিতায় বৃপকথার কোন্ কোন্ প্রসঙ্গ উল্লিখিত হয়েছে?
- ২.২ ‘এমনি করে সারা শীত দেখতে দেখতে কেটে গেল।’—জোয়ানদের সেই শীতকাল যাপনের কথা কীভাবে ‘বুনোহাঁস’ গল্পে ফুটে উঠেছে?
- ২.৩ ‘নালিশ আমার মন দিয়ে খুব / শুনুন বড়োবাবু।’—থানায় বড়োবাবুর কাছে হাবু কী কী নালিশ জানিয়েছিল?
- ২.৪ ‘এতোয়াকে দেখলে মনে হয় দুরস্ত এক বাচ্চা ঘোড়া।’— উদ্ধৃতিটির আলোকে এতোয়ার কাজকর্মের পরিচয় দাও।
- ২.৫ ‘ছিটকিনিটা আস্তে খুলে পেরিয়ে গেলাম ঘর..।’ তারপর কী কী ঘটল, তা পাখির কাছে ফুলের কাছে কবিতা অনুসরণে লেখো।
- ২.৬ ‘বিমলার অভিমান’ কবিতা অনুসরণে বিমলার অভিমানের কারণ বিশ্লেষণ করো।
- ২.৭ ‘ছাদটা ছিল আমার কোতাবে— পড়া মরুভূমি...’— ‘ছেলেবেলা’ রচনাংশে ছাদের প্রসঙ্গটি লেখক কীভাবে স্মরণ করেছেন?

৩. নির্দেশ অনুসারে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

৩.১ সন্ধি করো :

- ৩.১.১ মিশি + কালো
- ৩.১.২ এত + দিন
- ৩.১.৩ বড়ো + ঠাকুর
- ৩.১.৪ সৎ + গ্রন্থ
- ৩.১.৫ দিক্ + নির্ণয়

৩.২ নীচের পদগুলি ব্যঙ্গন সন্ধির কোন্ কোন্ নিয়ম মেনে বস্থ হয়েছে, লেখো :

- ৩.২.১ প্রাচদ
- ৩.২.২ প্রাগৈতিহাসিক
- ৩.২.৩ সদিচ্ছা
- ৩.২.৪ বিদ্যুদবেগ
- ৩.২.৫ পদ্ধতি

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।